

৩১/১০/২০২৩  
২২/১০/২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বিভাগীয় কার্যালয়, বরিশাল  
[www.bkkb.barisaldiv.gov.bd](http://www.bkkb.barisaldiv.gov.bd)

নম্বর-০৫.৮১.০৬০০.০০৮.১৮.০৮৮.১৯ (অংশ-২)-৪৫০

তারিখ: ২১-১১-২০২৩ খ্রি.


বিষয়: সকল দপ্তর থেকে আবেদন প্রাপ্তি নিশ্চিতকল্পে ব্যাপক প্রচার-প্রচারণার ব্যবস্থা করণ।

সূত্র: প্রধান কার্যালয়ের পত্র নং ০৫.৮১.০০০০.০০৭.১৮.১৪০.২২-৬২০; তারিখ: ০৬.১১.২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা হতে সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে চাকরি জীবনে জটিল ও ব্যয়বহল রোগের জন্য এক বা একাধিকবারে সর্বোচ্চ ২,০০,০০০ (দুই লাখ) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। জটিল ও ব্যয়বহল রোগের চিকিৎসার জন্য বোর্ডের নির্ধারিত ফরমে (ফরম নম্বর ০৮) আবেদন করতে হয়। আবেদন ফরম বোর্ডের ওয়েবসাইটে ([www.bkkb.gov.bd](http://www.bkkb.gov.bd)) সন্নিবেশিত রয়েছে। আবেদন করার নিয়মাবলি ও প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে বিস্তারিতভাবে উল্লেখ করা আছে।

০২। এছাড়া বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয় হতে মৃত, অক্ষম ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের পরিবারকে যৌথবীমার এককালীন টাকা, মাসিক কল্যাণভাতা, দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার টাকা প্রদান করা হয়। কর্মরত কর্মচারীদের পরিবারের নির্ভরশীল সদস্যদের মৃত্যুজনিত কারণে দাফন/অন্ত্যেষ্টিক্রিয়ার সাহায্য, কর্মরত ও অবসরপ্রাপ্ত সকল কর্মকর্তা-কর্মচারীদের সাধারণ চিকিৎসা সাহায্য, কর্মরত (১৩-২০ গ্রেডের) কর্মচারীদের অনধিক দুই সন্তানের শিক্ষাবৃত্তি এবং অবসরপ্রাপ্ত/মৃত সকল কর্মচারীদের অনধিক দুই সন্তানের শিক্ষাবৃত্তির সাহায্য প্রদান করা হয়। এছাড়াও ক্লাব-কমিউনিটি সেন্টারের বার্ষিক অনুদান ও মহিলা কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে সকল মহিলাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। বিভিন্ন অনুদানের আবেদন ফরম বিভাগীয় কার্যালয়, বরিশালের ওয়েবসাইটে ([www.bkkb.barisaldiv.gov.bd](http://www.bkkb.barisaldiv.gov.bd)) সন্নিবেশিত রয়েছে।

০৩। বর্ণিত অবস্থায়, জটিল ও ব্যয়বহল রোগের অনুদানসহ বোর্ডের অন্যান্য সেবা সম্পর্কে আপনার নিয়ন্ত্রণাধীন সকল সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অবগত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মোঃ রেজাউল বারী  
পরিচালক (উপসচিব)

ফোন: ০২৪৭৮৮৩৪৭৪০

E-mail: [bkkbbarisal@gmail.com](mailto:bkkbbarisal@gmail.com)

জেলা প্রশাসক

বরিশাল/পটুয়াখালী/ভোলা/বরগুনা/ঝালকাঠী/পিরোজপুর

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

০১। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বরিশাল বিভাগ।